



তারিখ: জানুয়ারি ০৪, ২০২২

স্মারক নং: ববি/রেজি/অবি/৮২৮

অফিস বিজ্ঞপ্তি

(Free Studentship-Spring 2022)

বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ে প্রতি সেমিস্টারে ৩% দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের টিউশন ফি মওকুফের সুবিধা বা Free Studentship দেওয়া হয়ে থাকে।

Spring-2022 সেমিস্টারে Free Studentship এর জন্য আগ্রহী শিক্ষার্থীরা **১৬.০১.২০২২ থেকে ২০.০১.২০২২** তারিখ পর্যন্ত অনলাইনে Free Studentship এর জন্য আবেদন করতে পারবে। শিক্ষার্থী তাদের Student Panel এ গিয়ে Waiver Application অপশনে ক্লিক করে তাদের আবেদনপত্রটি পূরণ করে Submit করবে। Submit করার পর আর কোনো কিছু সংশোধন বা পুনরায় আবেদন করা যাবেনা। সুতরাং, Submit করার আগে তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে। Fall-2021 সেমিস্টারে Free Studentship সুবিধা প্রাপ্ত শিক্ষার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। শিক্ষার্থীর সেমিস্টার পরীক্ষার ফলাফল ও আর্থিক অবস্থা মূল্যায়ন করে এই সুবিধা বজায় থাকবে/থাকবে না।

উল্লেখ্য, নতুনভাবে আবেদন করার জন্য এবং Free Studentship প্রাপ্ত শিক্ষার্থীদের সুবিধা পুনর্বিবেচনার জন্য সর্বশেষ সেমিস্টার ফাইনাল পরীক্ষায় নিম্নরূপ জিপিএ থাকতে হবে:

ক) ইংরেজি, আইন ও মানবাধিকার, সমাজবিজ্ঞান, অর্থনীতি, জার্নালিজম, রাষ্ট্রবিজ্ঞান: ন্যূনতম জিপিএ - ৩.০০

খ) ব্যবসায় প্রশাসন, সিএসই, ইইই: ন্যূনতম জিপিএ - ৩.২৫

বিভাগীয় প্রধানগণকে আগামী ২৪.০১.২০২২ তারিখের মধ্যে উল্লিখিত বিষয়ের শিক্ষার্থীদের তালিকা রেজিস্ট্রার অফিসে Softcopy সহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

Free Studentship কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে **আগামী ২৭.০১.২০২২ তারিখ বিকাল ৫ টায়** চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

পারমিতা জামান
 রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. মাননীয় উপাচার্য, উপ-উপাচার্য, নির্বাহী পরিচালক, পরিচালক (ইন্টারনাল অডিট), বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
২. সকল বিভাগ: বিভাগীয় প্রধান/কো-অর্ডিনেটর/শিক্ষক/প্রোগ্রাম অফিস, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৩. অফিস: সকল অফিস, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৪. অফিস কপি